

# India condoles the untimely demise of former Prime Minister of Japan, H.E. Mr. Abe Shinzo

July 08, 2022

জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি আবে শিনজোর অকাল মৃত্যুতে ভারতের শোকজ্ঞাপন  
জুলাই 08, 2022

জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি আবে শিনজোর অকাল মৃত্যুতে ভারতের জনগণ এবং সরকার গভীর শোকাহত, এবং তার পরিবার এবং বন্ধু ও জাপানের জনগণের প্রতি আন্তরিক শোকজ্ঞাপন করেছে।

শ্রীযুক্ত আবে একজন স্বপ্নদর্শী নেতা ও রাষ্ট্রনায়ক, যিনি মানবিকতার উন্নতির জন্য অক্লান্ত পরিশ্রম করে গেছেন। তিনি জগৎবাসীর হৃদয়ে এক অদমনীয় প্রতিচ্ছবি রেখে গেছেন।

প্রধানমন্ত্রী হিসেবে 2017 সালের অগাস্ট মাসে তার সফরে তিনি তার বিখ্যাত বক্তৃতা “ দুই সাগরের সঙ্গম” প্রদান করেছিলেন । তার বক্তৃতায় তিনি বলেছিলেন যে, ভারত-জাপান সম্পর্ক , পৃথিবীর যে কোনও স্থানে দ্বিপাক্ষিক সম্পর্কের বিকাশের জন্য সর্ববৃহৎ সম্ভাবনার আশীর্বাদ ধন্য। একটি স্বাধীন , উন্মুক্ত এবং অন্তর্ভুক্তিমূলক ভারত-প্রশান্তমহাসাগরীয় অঞ্চলকে উপলব্ধি করতে আমাদের দেশগুলিকে একত্রিত করতে তাহার প্রচেষ্টা সহায়ক হয়েছে।

শ্রীযুক্ত আবের অপরিমেয় অবদান ভারত-জাপান সম্পর্ককে বিশেষ কৌশলগত এবং বৈশ্বিক অংশীদারিত্বের স্তরে উন্নীত করেছে। জাপানে তার প্রধানমন্ত্রীর মেয়াদকালে, ভারত ও জাপানের মধ্যে এক বিশাল সংখ্যক মাইলফলক প্রকল্পের সূচনা হয়েছিল। শ্রীযুক্ত আবেকে ভারতের দ্বিতীয় সর্বোচ্চ অসামরিক পুরস্কার, পদ্মবিভূষণ দেবার মাধ্যমে ভারতে তিনি কি পরিমাণ শ্রদ্ধা এবং উষ্ণ সম্পর্ক উপভোগ করেছিলেন তার প্রমাণ পাওয়া যায়।

শ্রীযুক্ত আবে, জাপান ইন্ডিয়া পার্লামেন্টারি ফ্রেন্ডশিপ লীগ (জেআইপিএফএল) এবং জাপান ভারত অ্যাসোসিয়েশন(জেআইএ)-উভয়ের নেতৃত্ব ভার গ্রহণ করেছিলেন , যা ভারত-জাপান অংশীদারিত্বকে শক্তিশালী করার জন্য তার গভীর প্রতিশ্রুতির প্রতিফলন।

ভারতের একজন মহান বন্ধুকে হারানোর অনুভূতি সারা দেশজুড়ে অনুভূত হয়েছে। আজ সারা ভারত জাপানের সাথে শোক পালন করছে এবং আমরা এই মুহূর্তে আমাদের জাপানি ভাই এবং বোনদের পাশে একাত্মতার সাথে রয়েছি। জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবের প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শনের চিহ্ন স্বরূপ , 9ই জুলাই 2022 তারিখে একদিনের রাষ্ট্রীয় শোক পালন করা হবে।

নিউ দিল্লি  
জুলাই 08, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.